

দিলীপ কুমার কোনার

জল

জলের কাজ কি জীবনের কথা বলা ?

সুগভীর জল কেন তুমি চেয়েছিলে ?

জানে না কি জল এতটুকু ছলাকলা

গৃঢ় গভীরতা আশ্রয় কেউ নিলে ?

হাতছানি দেবে হয়তো-বা বারেবারে  
জলের গভীরে আকাশের নীল ছায়া,  
ছন্দের দোলা লাগাবে ঢেউয়ের ঠারে  
ঘন কালো জলে মোহময় মেঘ - মায়া।

তুমি হতে চাও ত্যিতা জলের ঢেউ –  
ভেবেছ কি তার কতটা করণা, ক্ষমা ?  
পার হতে যদি না ডাকে তোমারে কেউ  
জলের সোহাগে ভুলো নাকো, অনুপমা

যদি

কেউ চেনে পাথিদের মন ;

কেউ করে ফুলের বাগান ;

ছুঁয়ে ছুঁয়ে অরন্য গহন

কারো ফোটে জীবনের গান ।

এককণা প্রেম দাও যদি

গভীর হৃদয়ে হব নদী ॥